

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম

**বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত ইনোভেশন টিমের
১ম সভার কার্যবিবরণী।**


সভাপতিঃ জনাব মোঃ লাল হোসেন, সচিব, বিপিসি।
সভার তারিখঃ ২৮/০৭/২০২০
সভার সময়ঃ বেলা ১২.০০ ঘটিকা
স্থানঃ অনলাইন ভিডিও সিস্টেম, ZOOM অ্যাপস।
উপস্থিতিঃ অনলাইন।

সভাপতি ইনোভেশন টিমের সংশ্লিষ্ট সবাইকে এই কোভিডকালীন সময়ে অনলাইনে সংযুক্ত হবার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতি উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন এবং নির্ধারিত তারিখের মধ্যে তা জাখসবি'র মাধ্যমে মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণের জন্য কমিটির সদস্যদের আলোচনা করার নির্দেশনা দেন। কমিটির সদস্যবৃন্দ কর্মপরিকল্পনার সূচকসমূহ বিস্তারিত আলোচনা করেন এবং কোভিডকালীন লকডাউন পরিস্থিতিতে নতুন উদ্ভাবনী আইডিয়ার মাধ্যমে জনসাধারণের দুর্ভোগ কমানোর বিষয়ে আলোকপাত করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

১. উদ্ভাবনী কর্মপরিকল্পনা সংশ্লিষ্ট ফরম্যাটে প্রণয়ন করে অতিসত্তর জাখসবি'র মাধ্যমে মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।
২. উদ্ভাবনী কর্মপরিকল্পনায় মহামারী/আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপের রূপরেখা প্রকাশ করতে হবে।
৩. বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা সংস্থার তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে।
৪. উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে ০৫ লক্ষ টাকা বরাদ্দ করা হবে।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ লাল হোসেন)
সচিব
ফোনঃ ০৩১-৭১৬৪১৩